গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর নং-০৭
উত্তরা, ঢাকা-১২৩০।
[জনপ্রশাসন শাখা]
www.dknvat.gov.bd

নথি নং-২(৩)/ঢাকা উত্তর/জ: প্র:/সদর/০২/২০২১/ ৫৪১ - তারিখ: ১৯/১১/২০২৬ খ্রি.

অফিস আদেশ

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৯৫ এর উপ ধারা-১ ও ১(ক) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি-৬৮ এর উপ বিধি-১ এর মাধ্যমে সহকারী কমিশনারের নিম্নে নহেন এমন এক বা একাধিক মূল্য সংযোজন কর কর্মকর্তাকে বকেয়া আদায় কর্মকর্তা (Debt Recovery Officer-DRO) হিসেবে নিয়োগ প্রদানের বিধান রয়েছে।

২। উক্ত আইন ও বিধি মোতাবেক কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), সদর দপ্তর, ঢাকার আইন ও বিচার শাখার দায়িত্বপ্রাপ্ত সহকারী কমিশনার/উপ-কমিশনারকে (Debt Recovery Officer-DRO) হিসেবে নিয়োগ প্রদান করা হলো। এছাড়াও, এ কমিশনারেটের আওতাধীন ০৬ (ছয়)টি বিভাগীয় দপ্তর যথাক্রমে তেজগাঁও/গুলশান/বনানী/বসুন্ধরা/উত্তরা/আশুলিয়া বিভাগের বিভাগীয় কর্মকর্তাকে (সহকারী কমিশনার ও তদূর্ধ্ব) স্ব স্ব বিভাগীয় দপ্তরের বকেয়া আদায় কর্মকর্তা (Debt Recovery Officer-DRO) হিসেবে নিয়োগ প্রদান করা হলো। বকেয়া আদায় কর্মকর্তাগণ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বকেয়া কর আদায়ের কার্যক্রম গ্রহণ করবেন।

৩। বকেয়া আদায় কর্মকর্তাগণ বকেয়া আদায়ের ক্ষেত্রে ইস্যুকৃত পত্রসমূহে নিজ পদবির পাশাপাশি "বকেয়া আদায় কর্মকর্তা (Debt Recovery Officer-DRO)" পদবি ব্যবহার করবেন। এ কমিশনারেটের পত্র নম্বর- ২(২৩)-১/ঢাকা উত্তর/জঃ প্রঃ/সদর/বিবিধ/দপ্তর আদেশ/২০১২/১৬৮, তারিখ: ০২/০৪/২০২৬ খ্রি. এর মাধ্যমে জারিকৃত আদেশ এতদ্বারা রহিত করা হলো।

৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
মিয়া মোঃ আবু ওবায়দা
কমিশনার
ফোন: ০২-৪১০৯১৮৫৫
ই-মেইল: commdkn@gmail.com

নথি নং-২(৩)/ঢাকা উত্তর/জ: প্র:/সদর/০২/২০২১/ ৫৪১ (১-২০) তারিখ: ১৯/১১/২০২৬ খ্রি.

অনুলিপি; সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত কমিশনার-১/২, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
২. যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
৩. উপ-কমিশনার (সকল)/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
৪. বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, তেজগাঁও/গুলশান/বনানী/বসুন্ধরা/উত্তরা/আশুলিয়া বিভাগ।
৫. রাজস্ব কর্মকর্তা (সকল সার্কেল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ... সার্কেল।
৬. রাজস্ব কর্মকর্তা (সকল)/সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
৭. পিএ টু সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন/মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. মিনিস্ট্রিয়াল কর্মচারী (সকল)/নির্বাহী কর্মচারী (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
৯. পিএ টু কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. জনাব ...

কামনাশীষ ১৯/১১/২০২৬
অতিরিক্ত কমিশনার